



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/1/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের ওনিওন্টা এবং পশ্চিম নিউ ইয়র্কে বিনামূল্যে COVID-19 পরীক্ষার
প্রাপ্যতার কথা স্মরণ করিয়ে দিয়েছেন

*SUNY ওনিওন্টায় শিক্ষার্থীদের মধ্যে অসংখ্য কেস আবিষ্কারের পর সমগ্র সম্প্রদায়ের জন্য অস্থায়ী পরীক্ষা
সাইট খোলা হয়েছে*

আগামীকাল তিনটি ক্রি র ্যাপিড টেস্ট সাইট খুলবে

*পশ্চিম নিউ ইয়র্কের বাসিন্দাদের মনে করিয়ে দিয়েছেন যে এই অঞ্চলের আটটি সাইটে চলমান বিনামূল্যে র
্যাপিড টেস্টিং পাওয়া যাবে*

যে কোন সাইটে অ্যাপয়েন্টমেন্ট করতে 833-NYSTRNG নম্বরে কল করুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ নিউ ইয়র্কবাসীদের ওনিওন্টা এবং পশ্চিম নিউ ইয়র্কে বিনামূল্যে COVID-19
পরীক্ষার প্রাপ্যতার কথা স্মরণ করিয়ে দিয়েছেন। আগামীকাল সকাল 11 টায় ওটসেগো কাউন্টির ওনিওন্টা
শহরে তিনটি নতুন অস্থায়ী র ্যাপিড টেস্টিং সাইট খোলা হবে। আগামীকালের পর সাইটগুলো বৃহস্পতিবার
থেকে শনিবার সকাল 9 টা থেকে সন্ধ্যা 6টা পর্যন্ত খোলা থাকবে। এই সাইটগুলো গভর্নরের [স্টেট ইউনিভার্সিটি
অফ নিউ ইয়র্ক \(SUNY\) ওনিওন্টাতে সোয়াট টিম](#) মোতায়েনের অংশ হিসেবে খোলা হচ্ছে যা সেখানে
ছাত্র-ছাত্রীদের মধ্যে বিকশিত COVID-19 ক্লাস্টার নিয়ন্ত্রণের লক্ষ্যে মোতায়েন করা হয়েছে। রাষ্ট্রীয় পদক্ষেপটি
আসে যখন [SUNY চ্যাম্পেলর জিম মালার্ট্রাস ক্লাস্টারটি মোকাবেলা করতে সাহায্য করার জন্য SUNY
ওনিওন্টা ক্যাম্পাসে দুই সপ্তাহের জন্য সশরীরে নির্দেশনা স্থগিত ঘোষণা](#) করেন। টেস্টিং সাইটগুলো বাসেট
হেল্থকেয়ারের সাথে যৌথভাবে পরিচালিত হবে যা কমিউনিটির সকল সদস্যদের জন্য উন্মুক্ত এবং 15 মিনিটের
মধ্যে পরীক্ষার ফলাফল প্রদান করা হবে, যার ফলে যোগাযোগ ট্রেসিং প্রচেষ্টা দ্রুত ট্র্যাক এবং নিয়ন্ত্রণ করতে
পারবে। সব পরীক্ষা বিনামূল্যে।

"নিউ ইয়র্ক স্টেট ওনিওন্টা এবং পশ্চিম নিউ ইয়র্কের বিকাশমান ক্লাস্টারগুলোকে মোকাবেলা করার জন্য
তাৎক্ষণিক পদক্ষেপ নিচ্ছে, এবং আমি সেই সব এলাকাবাসীদের অনুরোধ করছি যারা সম্ভাব্য COVID-19
এক্সপোজার নিয়ে উদ্বেগ, আমাদের নতুন পরীক্ষা কেন্দ্রে একটি অ্যাপয়েন্টমেন্ট করার জন্য," **গভর্নর কুওমো
বলেছেন।** "এই পদ্ধতি এভাবেই কাজ করবে- আমাদের দল রাজ্যের COVID-19 তথ্য পর্যবেক্ষণ করে, কেসের
বৃদ্ধি তদন্ত করে এবং অতিরিক্ত পরীক্ষা এবং যোগাযোগ ট্রেসিং প্রদান করে। আমরা সজাগ থাকব যেহেতু এই
ভাইরাস একটি জাতীয় এবং বৈশ্বিক সংকট হওয়া অব্যাহত রেখেছে।"

SUNY চ্যাম্পেলর জিম মালার্ট্রাস বলেছেন। "দ্রুত COVID-19 এর বৃদ্ধির সাথে সাথে কমিউনিটিগুলোতে
সম্পদ প্রয়োগ করা এই ভাইরাসকে নিয়ন্ত্রণ করা এবং আমাদের কলেজগুলোর চারপাশের জনগোষ্ঠীকে রক্ষা
করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। SUNY বুঝতে পারে যে ঐ সম্প্রদায়ের প্রতি আমাদের দায়িত্ব আছে - এবং এই
ভাইরাস থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করতে স্থানীয় এবং রাষ্ট্রীয় উভয় স্তরের অংশীদারদের সাথে
সহযোগিতা অব্যাহত রাখবে। আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাতে চাই তার দ্রুত পদক্ষেপ এবং COVID-
19 এর বিরুদ্ধে লড়াইয়ে অদম্য অঙ্গীকারের জন্য।"

তিনটি নতুন সাইটের অবস্থান:

Oneonta Armory
4 Academy St
Oneonta, NY 13820

Foothills Performing Arts and Civic Center
24 Market St
Oneonta, NY 13820

St. James Church

305 Main St
Oneonta, NY 13820

পরীক্ষা শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে। নিয় ইয়র্কবাসীরা 833-NYSTRNG এ কল করতে পারেন অ্যাপয়েন্টমেন্ট করার জন্য।

বাসেট হেল্থকেয়ার নেটওয়ার্কের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ড. টমি ইব্রাহিম বলেন, "আমাদের সমাজে এই ভাইরাসের বিস্তার ধীর করার জন্য দ্রুত সাড়া দেওয়ার জন্য আমরা গভর্নর কুওমো এবং কমিশনার জাকারের প্রশংসা করছি। এই মহামারী কার্যকরভাবে নিয়ন্ত্রণ করার জন্য পরীক্ষা এবং যোগাযোগ ট্রেসিং অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং এই সম্প্রদায়ের একটি স্বাস্থ্যসেবা সংস্থা হিসেবে আমরা জনগণকে রক্ষা করতে গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ এমন একটি নেতৃত্ব দলের সাথে অংশীদার হতে পেরে আনন্দিত।"

গভর্নর কুওমো পশ্চিম নিউ ইয়র্কের বাসিন্দাদের এও স্মরণ করিয়ে দিয়েছেন যে এই অঞ্চলে আটটি স্থানে দ্রুত পরীক্ষাগুলি পরিচালিত হচ্ছে। বাসিন্দারা 833-NYSTRNG এ কল করতে পারেন অ্যাপয়েন্টমেন্ট করার জন্য। গভর্নর 27এ অগাস্ট, ওয়েস্টার্ন নিউ ইয়র্কে একটি [পরীক্ষার SWAT টিম মোতায়েন](#) করেন এই অঞ্চলের সাম্প্রতিক COVID-19 কেস বেড়ে ওঠার মোকাবিলা করার জন্য। তিনি আটটি সাইটের কথাও ঘোষণা করেছেন, যা এখানে পাওয়া যাবে:

Deleavan-Grider Community Center

877 E. Delavan Ave.
Buffalo, NY 14215

True Bethel Baptist Church

907 E. Ferry St.
Buffalo, NY 14211

Northwest Buffalo Community Center

155 Lawn Ave.
Buffalo, NY 14207

Dunkirk Fire Murphy Training Grounds

665 Brigham Road
Dunkirk, NY 14048

SUNY ECC North

6205 Main St.
Williamsville, NY 14221

Union Fire Company

1845 Union Road
West Seneca, NY 14224

John A. Duke Senior Center

1201 Hyde Park Blvd.
Niagara Falls, NY 14301

YWCA of the Niagara Frontier

32 Cottage St.
Lockport, NY 14094

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)